

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
প্রশাসন-৩ (অডিট) শাখা।

নং- ৩৫.০০.০০০০.০১০.১৬.০৫১.১১-১৩

তারিখ : ০৯-০১-২০১২খ্রি:

বিষয় : সড়ক ও জনপথ অধিদপ্তরের মালিকানাধীন সম্পত্তি সংরক্ষণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সমগ্র বাংলাদেশে সড়ক ও জনপথ অধিদপ্তরের মালিকানাধীন প্রচুর সম্পত্তি রয়েছে, এসকল সম্পত্তিগুলোর সঠিকভাবে সংরক্ষণের অভাবে বেহাত হয়ে যাচ্ছে যা রক্ষার জন্য পদক্ষেপ গ্রহণ করা একান্ত প্রয়োজন হয়ে দাঁড়িয়েছে। ভূমি দস্যু তথা অন্যান্যদের হাত হতে সরকারি সম্পত্তি তথা সড়ক ও জনপথ অধিদপ্তরের মালিকানাধীন সম্পত্তি রক্ষার্থে জমিগুলোর রেকর্ডপত্র সংরক্ষণ করা অতীব জরুরী।

০২। এমতাবস্থায়, সওজ এর মালিকানাধীন জমির অধিগ্রহণের প্রমানস্বরূপ সংশ্লিষ্ট এল, এ কেইস এর প্রমাণাদি, নক্সা, সিএস. এসএ, বিএস রেকর্ডসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদির কপি সংগ্রহকরতঃ সংশ্লিষ্ট সড়ক বিভাগে যত্নের সাথে সংরক্ষণ করবে। কোন দলিল/ কাগজপত্র না পাওয়া গেলে সংগ্রহকরত সংরক্ষণ করতে হবে। সওজ এর মালিকানাধীন সম্পত্তি যদি ভবিষ্যতে বেহাত হয়ে যায় তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট অধিদপ্তর তথা এ সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর বর্তাবে।

০৩। এমতাবস্থায়, প্রতিটি রাস্তা এবং সম্পদের হিসাব সংরক্ষণকরতঃ নামজারী ও হালনাগাদ খাজনা ইত্যাদি পরিশোধ করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

(তসলিমা কানিজ নাহিদা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৭২৩৪২।

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, রমনা, ঢাকা
(তাঁর অধীনস্থ সকল সড়ক বিভাগ সংশ্লিষ্ট সকলকে কার্যক্রম গ্রহণের নির্দেশ প্রদানের জন্য)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ০১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ০৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ০৪। যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ০৫। উপসচিব (প্রশাসন-১/২/৩/৪, সজস-১/২/৩, আইন, উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।